



মোংলা বন্দর কর্তৃপক্ষ  
মোংলা, বাগেরহাট

উপসচিব

বোর্ড ও জনসংযোগ বিভাগ

মোংলা বন্দর কর্তৃপক্ষ

মোবা: ০১৭৪০-৬২৫৭৪০

ইমেইল: prompa6@gmail.com

ওয়েব সাইটঃ www.mpa.gov.bd

## “সংবাদ বিজ্ঞপ্তি”

### “মোংলা বন্দরের ৪০৮০ জন শ্রমিক-কর্মচারীদের মাঝে ঈদ-উল-আযহার উপহার প্রদান”

পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে মোংলা বন্দরে জাহাজে কর্মরত অস্থায়ী শ্রমিক-কর্মচারীদের খাদ্য সহায়তা দেয়া হয়েছে। মোংলা বন্দর কর্তৃপক্ষ, মোংলা কাষ্টমস এজেন্টস এ্যাসোসিয়েশন ও মোংলা বন্দর বার্থ ও শিপ অপারেটর এ্যাসোসিয়েশনের আয়োজনে ২৫ জুন, ২০২৩ তারিখে ১০:০০ ঘটিকায় বন্দর সদর দপ্তরের সামনে ৪ হাজার ৮০ জন শ্রমিক কর্মচারীদের মাঝে এ খাদ্য সহায়তা দেয়া হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মোংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল মীর এরশাদ আলী উপস্থিত থেকে শ্রমিকদের মাঝে এই খাদ্য সামগ্রী বিতরণ করেন। খাদ্য সামগ্রী বিতরণকালে আরও উপস্থিত ছিলেন, ড. এ. কে. এম. আনিসুর রহমান (সদস্য প্রকৌশল ও উন্নয়ন), মোংলা বন্দর বার্থ ও শিপ অপারেটর এ্যাসোসিয়েশনের সভাপতি সৈয়দ জাহিদ হোসেন ও মোংলা কাষ্টমস এজেন্টস এ্যাসোসিয়েশনের সভাপতি মো: সুলতান হোসাইন খান। এছাড়াও উপস্থিত ছিলেন মোংলা বন্দর কর্তৃপক্ষের উর্ধ্বতন কর্মকর্তাগণ এবং বার্থ ও শিপ অপারেটর এ্যাসোসিয়েশন ও মোংলা কাষ্টমস এজেন্টস এ্যাসোসিয়েশনের অন্যান্য নেতৃবৃন্দ।

উপহার সামগ্রীর মধ্যে ছিল ১৩ কেজি চাল, ১ কেজি পোলাও চাল, ২ কেজি ডাল, ২ কেজি চিনি, সয়াবিন তেল ১ লিটার, সেমাই ২ প্যাকেট, সাবান ১ পিস, গুড়ো দুধ ৫০০ গ্রাম, লবন ১ কেজি করে সর্বমোট (তেল ও সেমাই বাদে) ১৯.৫০০ কেজি।

বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল মীর এরশাদ আলী বলেন, “বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর ঐকান্তিক প্রচেষ্টার ফলে মোংলা বন্দরের কার্যক্রম বৃদ্ধি পেয়েছে। পদ্মা সেতু চালু হওয়াতে চট্টগ্রামের তুলনায় মোংলা বন্দরে থেকে ঢাকার দূরত্ব ১০০ কিলোমিটার কমে গেছে। এখন মাত্র তিন থেকে সাড়ে তিন ঘন্টায় মোংলা বন্দর থেকে পণ্য ঢাকায় পৌঁছে যাচ্ছে। রেল চালু হলে বন্দরের কর্মযজ্ঞ আরও বাড়বে। শ্রমিক কর্মচারীই এই বন্দরের প্রাণশক্তি, শ্রমিকদের কল্যাণে বন্দর কাজ করে চলেছে। আমরা আশাবাদি শ্রমিক-কর্মচারী ও বন্দর ব্যবহারকারীসহ সংশ্লিষ্ট সকলকের সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে মোংলা বন্দর আরও এগিয়ে যাবে।”

স্বাক্ষরিত/-

মো: মাকবুজ্জামান

উপসচিব